রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিবন্ধন পরিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/৩ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭২-আইন/২০০৭।—Registration Act, 1908 (Act No. XVI of 1908), এর ধারা ৬৯ এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পরিদর্শক, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **বিধিমালার নাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) মহা-পরিদর্শক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন কোন জেলা বা উপজেলায় এবং কখন হইতে এই বিধিমালা কার্যকর হইবে তাহা নির্ধারণ করিবেন।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ Registration Act, 1908 (Act No. XVI of 1908);

(খ) "ছক" অর্থ এই বিধিমালার ছক;

(গ) "রেজিস্ট্রেশন ফি" অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক জারীকৃত ২৬ জুন ১৯৭৮ সনের প্রজ্ঞাপন নং S.R.O-147-L/78 দ্বারা প্রণীত Table of Fees এর "1 Ordinary Fees" শিরোনামাধীন আইনের ধারা ৮০ এর অধীন দলিল নিবন্ধনের জন্য ২৪ (চব্বিশ) হাজার টাকা উর্ধ্বে মূল্যের দলিলের A অংশের ফি এবং, ক্ষেত্রমত, উক্ত ফি'র সহিত সংযুক্ত E, M(a), M(b) এবং N অংশের ফি;

(ঘ) "রেজিস্ট্রেশন বিধিমালা" অর্থ আইনের ধারা ৬৯ এর অধীন প্রণীত Bangladesh Registration Rule, 1973।



মূল্য ঃ টাকা ৪.০০

৩। **বিধিমালার প্রয়োগ।**—এই বিধিমালার বিধানাবলী, উহাতে ভিন্নরূপ কিছু না থাকিলে, রেজিস্ট্রেশন বিধিমালার অতিরিক্ত বলিয়া গণ্য হইবে।

৪। **রেজিস্ট্রেশন ফি পরিশোধ পদ্ধতি।**—(১) রেজিস্ট্রিযোগ্য দলিলের উপর প্রদেয় রেজিস্ট্রেশন ফি কেবল ট্রেজারী দায়িত্ব পালনকারী স্থানীয় সোনালী ব্যাংক হইতে এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক নির্ধারিত খাতে ইস্যুকৃত একাউন্টপেয়ী পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(২) পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের ক্ষেত্রে জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার বা সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন হইবে না; তবে উক্ত ফি পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করা হইলে, সংশ্লিষ্ট রেজিস্ট্রিতব্য দলিল রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপনের সময় উক্তরূপ পরিশোধের সমর্থনে পে-অর্ডারের মূলকপি ও উহার একটি অনুলিপি জমা দিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে কোন দলিল সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপিত হইলে, তিনি উক্ত পে-অর্ডার এবং রেজিস্ট্রেশন বিধিমালার বিধি ২০ এ উল্লিখিত শর্তাবলী যাচাই করিয়া দলিলটি রেজিস্ট্রেশনের জন্য গ্রহণ করিবেন।

৫। **পে-অর্ডারের মাধ্যমে ফি পরিশোধের ক্ষেত্রে প্রদেয় রশিদ।**—দলিল রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করা হইলে, সাব-রেজিস্ট্রার আইনের দফা ৫২(১)(খ) এর অধীন দলিল উপস্থাপনকারীকে অথবা পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধকারী বা তাহার প্রতিনিধিকে একটি রশিদ প্রদান করিবেন।

৬। **পে-অর্ডার নথিভুক্তিকরণ।**—এই বিধিমালার অধীন পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত তথ্য সাব-রেজিস্ট্রার ছক 'ক'-তে পে-অর্ডার রেজিস্ট্রেশন বহিতে সংরক্ষণ করিবেন।

৭। **পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ সম্পর্কে দলিলে পৃষ্ঠাঙ্কন।**—এই বিধিমালা অনুযায়ী পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ হইবার বিষয়ে নিশ্চিত হইলে, সাব-রেজিস্ট্রার দলিলের উপরিভাগে লাল কালিতে স্পষ্ট অক্ষরে উক্ত ফি পরিশোধ সম্পর্কে ছক 'খ'-তে বর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিয়া উহাতে তাহার নাম, দস্তখত ও সীলযুক্ত করিয়া পৃষ্ঠাঙ্কন সম্পন্ন করিবেন।

৮। **পে-অর্ডার জমাকরণ, ইত্যাদি।**—এই বিধিমালার অধীন পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রাপ্ত হইবার পর সাব-রেজিস্ট্রার নিম্নবর্ণিত কার্যাদি সম্পন্ন করিবেন, যথা ঃ—

(ক) পে-অর্ডারের মূলকপি এবং উহার অনুলিপির অপর পৃষ্ঠায় তাহার নাম সম্বলিত সীল ও দস্তখত দিবেন;

(খ) পে-অর্ডার প্রাপ্তির পরবর্তী কার্যদিবসে ট্রেজারী চালানের মাধ্যমে উক্ত পে-অর্ডার উপ-বিধি ৪(১) এর অধীন পে-অর্ডার ইস্যুকারী এবং ট্রেজারী দায়িত্ব পালনকারী সোনালী ব্যাংকে জমা দিবেন;

(গ) দফা (খ) এর অধীন পে-অর্ডার জমা করিবার পর সংশ্লিষ্ট ব্যাংক হইতে ট্রেজারী চালান নগদায়নপূর্বক উহার কপি সংগ্রহ করিবেন; এবং

(ঘ) দফা (খ) এর অধীন পে-অর্ডার সংশ্লিষ্ট ব্যাংকের ট্রেজারীতে জমার বিষয়টি নিশ্চিত হইবার উদ্দেশ্যে, যে মাসে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি ট্রেজারীতে জমা দেওয়া হইয়াছে উহার পরবর্তী মাসের প্রথম সপ্তাহে—

(অ) জেলা হিসাবরক্ষণ বা ক্ষেত্রমত, উপজেলা হিসাবরক্ষণ অফিস হইতে সি, টি, আর (consolidated treasury receipt) ; এবং

(আ) যে ব্যাংকে পে-অর্ডার জমা দেওয়া হইয়াছে সে ব্যাংক হইতে ব্যাংক বিবরণী সংগ্রহ করিবেন।

৯। **পে-অর্ডার নগদায়ন না হওয়া, ইত্যাদি সংক্রান্ত বিধান।**—(১) দফা ৮(গ) এর অধীন পে-অর্ডার নগদায়ন করা না গেলে বা পে-অর্ডার জাল বলিয়া প্রমাণিত হইলে, সংশ্লিষ্ট ব্যাংক লিখিতভাবে ৭(সাত) দিনের মধ্যে উক্ত বিষয় সাব-রেজিস্ট্রারকে অবহিত করিবে।

(২) সাব-রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন ব্যাংক প্রতিবেদন প্রাপ্তির পর আইন ও ইহার অধীন প্রণীত বিধিমালার বিধান অনুসরণ করিয়া, দলিল গ্রহীতাকে নোটিশ প্রাপ্তির ৩(তিন) দিনের মধ্যে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

১০। **কতিপয় ক্ষেত্রে দলিলের কপি হস্তান্তর নিষিদ্ধ, ইত্যাদি।**—দফা ৮(গ) অনুযায়ী পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি নগদায়ন বিষয়ে নিশ্চিত না হওয়া পর্যন্ত বা উপ-বিধি ৯(১) এর অধীন পে-অর্ডার জাল বলিয়া প্রমাণিত হইলে, সাব-রেজিস্ট্রার সংশ্লিষ্ট দলিল গ্রহীতাকে কোন দলিলের অনুলিপি, প্রত্যায়িত কপি বা মূল দলিল সরবরাহ করিবেন না; এবং উক্ত ক্ষেত্রে উক্ত দলিল বাতিলের যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১। **সাব-রেজিস্ট্রার কর্তৃক পে-অর্ডার হেফাজত।**—উপ-বিধি ৪(১) এর অধীন পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি বিধি ৮(খ) এর অধীন ট্রেজারীতে জমা না দেওয়া পর্যন্ত সাব-রেজিস্ট্রার ব্যক্তিগতভাবে উহার নিরাপদ হেফাজতের জন্য দায়ী থাকিবেন।

১২। **দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন।**—(১) সাব-রেজিস্ট্রি অফিসের নোটিশ বোর্ডে দলিলের ফি, সরকার কর্তৃক নির্ধারিত খাতের কোডসমূহ ও প্রদেয় করের তালিকা এমনভাবে টাঙ্গাইতে হইবে, যাহাতে সহজে উহা সর্বসাধারণের দৃশ্যমান হয় এবং রেজিস্ট্রিতব্য দলিলের পক্ষগণ নোটিশ বোর্ডে টাঙ্গানো ফি'র তালিকা দেখিয়া রেজিস্ট্রেশন ফি মূল্যায়নপূর্বক সাব-রেজিস্ট্রারের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করিতে পারে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন করিতে না পারিলে দলিলের পক্ষগণ কোন প্রকারের ফি প্রদান না করিয়া সাব-রেজিস্ট্রারের নিকট হইতে দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন করাইয়া নিতে পারিবেন।

১৩। **সাব-রেজিস্ট্রার কর্তৃক মাসিক বিবরণী প্রেরণ।**—(১) সাব-রেজিস্ট্রার পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রিকৃত দলিল সম্পর্কে একটি মাসিক বিবরণী সংশ্লিষ্ট মাসের পরবর্তী মাসের ৭ (সাত) দিনের মধ্যে জেলা রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবেন।

(২) উক্ত মাসিক বিবরণীর সহিত দফা ৮(গ) এর অধীন সংগৃহীত ব্যাংক বিবরণীর কপি সংযুক্ত করিতে হইবে।

১৪। **জেলা রেজিস্ট্রার কর্তৃক মাসিক বিবরণী প্রেরণ।**—উপ-বিধি ১৩(১) এর অধীন সাব-রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত বিবরণীর ভিত্তিতে জেলা রেজিস্ট্রার একটি মাসিক বিবরণী প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে মহা-পরিদর্শক বরাবরে প্রেরণ করিবেন।

১৫। **পরিদর্শন।**—(১) এই বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে, মহা-পরিদর্শক, তৎকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত নিবন্ধন পরিদপ্তরের কোন পরিদর্শক বা তাহার অধীনস্থ অন্য কোন কর্মকর্তা অথবা জেলা রেজিস্ট্রার সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন করিতে পারিবেন।

(২) মহা-পরিদর্শকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন পরিদর্শক, অন্য কোন কর্মকর্তা বা জেলা রেজিস্ট্রার প্রতি ৪ (চার) মাসে ন্যূনতম পক্ষে একবার সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন করিবেন।

ছক-ক

## রেজিস্ট্রেশন ফি বহি

[ বিধি ৬ দ্রষ্টব্য ]

| দলিলের ক্রমিক নং | দলিলের তারিখ | দলিলের প্রকারভেদ | কাহার নিকট হইতে প্রাপ্ত | সম্পত্তির মূল্য অংকে | কোন দফায় রেজিস্ট্রেশন ফি দেয় | ফি'র পরিমাণ (নগদে) | ফি'র পরিমাণ পে-অর্ডারের মাধ্যমে | পে-অর্ডার নং, তারিখ ও ব্যাংকের নাম | গ্রাহ্য অথবা অগ্রাহ্য হওয়ার তারিখ | রেজিস্টার বই অথবা আমমোক্তার নামা রেজিস্ট্রারের দলিল নং | দলিল রেজিস্ট্রি সম্পন্ন হওয়ার তারিখ | রেজিস্ট্রিভুক্ত বই বালাম ও পৃষ্ঠা | ফেরত দেওয়ার তারিখ | প্রতিলিপি অথবা স্মারক লিপির তারিখ ও সংখ্যা | প্রতিলিপি অথবা স্মারক লিপি প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |

ছক-খ

[ বিধি ৭ দ্রষ্টব্য ]

"..................................... সনের রেজিস্ট্রেশন ফি বহির ...................... নং ক্রমিকের দলিলের উপর প্রদেয় রেজিস্ট্রেশন বাবদ প্রদেয় .......................... টাকা .......................... নং পে-অর্ডার এ..................................................তারিখে.......................................... ব্যাংকের.................................. শাখায় পরিশোধিত।

সাব-রেজিস্ট্রার

তারিখ ঃ নাম, দস্তখত ও সীল।"।

মোঃ মাসদার হোসেন
মহাপরিদর্শক, নিবন্ধন।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।